

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

স্মারক নং: ৩৭.০৩.০০০০.০১১.০১৮.৩৬.১৩-১(উপবৃত্তি)-১

তারিখঃ ১১ মে, ২০২০ খ্রিঃ

বিষয়: জানুয়ারি-জুন/২০২০ মেয়াদে ১৬২ টি প্রতিষ্ঠানের ২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম পর্বে অধ্যয়নরত শিক্ষার্থীগণের উপবৃত্তি ও বই ক্রয়ে সহায়তা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে জানানো যাচ্ছে যে, বিগত ০৭ জানুয়ারি, ২০২০ খ্রিঃ তারিখে একনেক সভায় দেশের কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীগণের শর্ত সাপেক্ষে উপবৃত্তি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় (পরিচালনা বিভাগের স্মারক নং-২০.০০.০০০০.৪১২.০৬.০৩২.১৯-১২৪, তারিখ: ২০/০১/২০২০ খ্রিঃ)। উক্ত সিদ্ধান্তের আলোকে চলতি জানুয়ারি-জুন/২০২০ মেয়াদে ১৬২ টি ডিপ্লোমা লেভেল সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের ২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম পর্বের শিক্ষার্থীগণের নিম্নলিখিত শর্ত, ছাত্র (৭০%) নির্বাচনের পদ্ধতি এবং ছাত্র নির্বাচন কমিটি গঠন প্রতিপালন সাপেক্ষে উপবৃত্তি ও বই ক্রয়ে সহায়তা প্রদান করা হবে।

(ক) উপবৃত্তি ও বই ক্রয়ে সহায়তা প্রাপ্তির সাধারণ শর্তাবলীঃ

- (১) নিয়মিত ছাত্রছাত্রী হতে হবে
- (২) পূর্ববর্তী পর্বে ক্লাসের হাজিরা ন্যূনতম ৭৫%;
- (৩) পূর্ববর্তী পর্বে সকল বিষয়ে উত্তীর্ণ হতে হবে;
- (৪) ছাত্র/ছাত্রীদের অবিবাহিত হতে হবে;
- (৫) পুরুষ শিক্ষার্থীগণের ৭০% জনকে, মহিলা ও প্রতিবন্ধী শিক্ষার্থীগণের ১০০% জনকে বৃত্তি প্রদান করা হবে।

(খ) ছাত্র (৭০%) নির্বাচনের পদ্ধতিঃ

(১) বর্ণিত সাধারণ শর্তাবলী পূরণকারী ভর্তিকৃত ছাত্রদের পরীক্ষার ফলাফল এবং ক্লাসে উপস্থিতির হার এর ভিত্তিতে সশ্লিষ্ট প্রতিষ্ঠানের ছাত্র নির্বাচন কমিটি ৭০% ছাত্র নির্বাচন করবে।

(২) ভর্তিকৃত সকল প্রতিবন্ধী ছাত্র উপবৃত্তি প্রাপ্ত হবে বিধায় তাদের বাদ দিয়ে অবশিষ্ট ছাত্রদের মধ্য হতে ৭০% ছাত্র নির্বাচন করতে হবে।

(৩) ছাত্র নির্বাচনে দরিদ্র ও সুবিধাবঞ্চিত এবং ক্ষুদ্র নৃগোষ্ঠী শিক্ষার্থীদের অগ্রাধিকার প্রদান করতে হবে।


(গ) ছাত্র নির্বাচন কমিটিঃ ছাত্র/ছাত্রী নির্বাচনের জন্য নির্বাচিত সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের জন্য নিম্নরূপ কমিটি গঠন করতে হবে।

বেসরকারি প্রতিষ্ঠানঃ

ক্রমিক	কমিটির সদস্যবৃন্দ	পদবি
১	গভর্নিং বডির চেয়ারম্যান	চেয়ারম্যান
২	নির্বাচিত শিক্ষক প্রতিনিধি	সদস্য
৩	অভিভাবক প্রতিনিধি	সদস্য
৪	প্রতিষ্ঠান প্রধান	সদস্য সচিব

সরকারি প্রতিষ্ঠানঃ

ক্রমিক	কমিটির সদস্যবৃন্দ	পদবি
১	অধ্যক্ষ	চেয়ারম্যান
২	বিভাগীয় প্রধান(স্ব-স্ব বিভাগের জন্য)	সদস্য
৩	একাডেমিক ইনচার্জ	সদস্য সচিব


পাতা-১/২

অতএব জরুরী ভিত্তিতে আপনার প্রতিষ্ঠানের প্রতিটি পর্বের সকল টেকনোলজি/বিভাগ এর শিক্ষার্থীগণের মধ্যে থেকে উপরে বর্ণিত শর্ত মোতাবেক পুরুষ শিক্ষার্থীগণের ৭০% ভাগ এবং মহিলা ও প্রতিবন্ধী শিক্ষার্থীগণের ১০০% ভাগ তালিকা প্রস্তুত পূর্বক আগামী ১৪/০৫/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে stipend.dte@gmail.com মেইলে সফটকপি (সংযুক্ত এক্সেল ফরম্যাট অনুযায়ী) এবং হার্ড কপি হাতে হাতে কারিগরি শিক্ষা অধিদপ্তরের ৫ম তলায় ৫০৮ নম্বর কক্ষে পৌছানোর জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

২। বি:দ্র: তথ্যের সঠিকতার বিষয়ে প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

৩। বিষয়টি অতীব জরুরী।

স্বাক্ষরিত

(মনজুরুল কাদের)
পরিচালক (প্রশাসন)
কারিগরি শিক্ষা অধিদপ্তর

বিতরণ:

০০১-১৬২। অধ্যক্ষ, সদ্য সমাপ্ত স্কিলস অ্যান্ড ট্রেনিং এনহ্যান্সমেন্ট প্রজেক্ট (STEP) এর আওতায় শিক্ষার্থী বৃত্তির জন্য নির্বাচিত পলিটেকনিক ইনস্টিটিউট সমূহ (১৬২টি)।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২-৫। পরিচালক (পিআইডব্লিও, ভোকেশনাল, পিআইইউ, পি অ্যান্ড ডি), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ICT সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রখানা জরুরী ভিত্তিতে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। নথি।



(জয়দেব চন্দ্র সাহা)
সংযুক্ত কর্মকর্তা
বৃত্তি সেল
কারিগরি শিক্ষা অধিদপ্তর